# Pakistan CdA summoned and demarched on the abduction and torture of Indian High Commission Officials

June 16, 2020

---

## ভারতীয় হাই কমিশনের আধিকারিকদের অপহরণ এবং অত্যাচার করার জন্য পাকিস্তানের চার্জ-দ্য-অ্যাফেয়ারস কে তলব করা হয়েছে এবং তাকে ডীমারস প্রদান করা হয়েছে।

জুন 16, 2020

ইসালামাবাদে ভারতের হাই কমিশনের দুই আধিকারিককে পাকিস্তানের নিরাপত্তা এজেন্সি দ্বারা আপহরণ এবং অত্যাচার করার জন্য পাকিস্তানের হাইকমিশনের চার্জ-দ্য-অ্যাফেয়ার্সকে তলব করা হয়েছে এবং তার হাতে প্রতিবাদ পত্র প্রদান করা হয়েছে।

15 ই জুন 2020 তারিখে পাকিস্তানি এজেন্সি ভারতীয় হাই কমিশনের দুই জন আধিকারিককে বল পূর্বক অপহরণ করে এবং বেআইনি ভাবে তাদের 10 ঘন্টার বেশি সময় ধরে আটক করে রাখে।ইসলামাবাদে ভারতের উচ্চ আয়োগ এবং ভারতের বিদেশ মন্ত্রক, দিল্লি-র কড়া পদক্ষেপ গ্রহণ করার পরে তাদের মুক্তি দেওয়া হয়।এই দুই ভারতীয় আধিকারিককে জিজ্ঞাসাবাদ, অত্যাচার এবং শারীরিক আঘাত করা হয় যার ফলে তারা প্রচন্ড আঘাত প্রাপ্ত হন।তাদের উপরে কাল্পনিক এবং মনগড়া আরোপ আনার জন্য বলপ্রয়োগ করা হয় এবং ভিডিওগ্রাফী করা হয়। উচ্চ আয়োগের যে গাড়িতে করে তারা যাচ্ছিলেন সেটিও ভীষন ক্ষতিগ্রস্থ হয়েছে।

এবংএই প্রসঙ্গে পাকিস্তানি কর্তৃপক্ষকে ভারতের তরফ থেকে কড়া নিন্দা ও ভৎসনা করা হয়েছে। পাকিস্তান কর্তৃপক্ষ থেকে এই পূর্বপরিকল্পিত, ভয়ংকর এবং উদ্দেশ্য প্রণোদিত ক্রিয়াকলাপ এবং বিগত কয়েকদিন ধরে হাই কমিশনের আধিকারিকদের উপরে জোরদার নজরদারী, হয়রানি এবং ভীতি প্রদর্শন করা ইসলামাবাদে ভারতীয় হাই কমিশনের স্বাভাবিক কাজকর্মে ব্যাঘাত সৃষ্টি করেছে। পাকিস্তান কর্তৃপক্ষ দ্বারা ভারতীয় হাই কমিশনের আধিকারিকদের উপরে ভুয়ো এবং সাজানো অভিযোগ সম্পূর্ণ রূপে নস্যাৎ করা হয়েছে।

পাকিস্তানের এই ধরনের ক্রিয়াকলাপ শুধুমাত্র কূটনৈতিক সম্পর্কের ভিয়েনা কনভেনশন 1961 , সেই সাথে 1992 সালে স্বাক্ষরিত 'ভারত ও পাকিস্তানে কূটনৈতিক /কনসুলার আধিকারিক -দের প্রতি ব্যবহারের কোড অব কনডাক্ট এবং 2018 সালে উভয় পক্ষ দ্বারা পুণরায় সুনিশ্চিত করা চুক্তিকে লঙ্ঘন করাই নয় বরং কূটনৈতিক আচরণের প্রতিষ্ঠিত আদর্শ এবং অনুশীলনের পরিপন্থী।

এই ঘটানায় আমাদের গভীর উদ্বেগ হল এই যে, পাকিস্তানের এজেন্সি ভারতীয় মিশনের অন্য আধিকারিকদের শারীরিক অত্যাচারের ধুমকি দিয়েছে। এটি বিশেষ ভাবে উল্লেখ্য যে, ভারতীয় হাই কমিশনের আধিকারিক, কর্মচারী, তাদের পরিবার এবং সম্পত্তির নিরাপত্তা ও সুরক্ষার দায়িত্ব

পাকিস্তানের।

এই ধরনের ক্রমাগত একতরফা উত্তেজনার পারদ চড়িয়ে দেয়া পাকিস্তানি ক্রিয়াকলাপ, ভারতের বিরুদ্ধে পাকিস্তানের নিরবচ্ছিন্ন শত্রুতামূলক কার্যকলাপ এবং সীমান্ত পারের আতংকবাদীদের মদত দেবার মত বিষয় থেকে নজর ঘোরাতে সক্ষম হবেনা।

নিউ দিল্লি
জুন 16, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.